

কবিতার জন্য চাই

মাঝে মাঝে কবিতারা ফিরে যায়
আকাশের নীহারিকা আরও দূরে রেখে
তারপর শূন্যে ভেসে অপ্রাকৃত
জ্যোৎস্নায় ডুবে যায় কথাগুলি ঢেকে।

আমাদের হাতে কোন কাজ নেই
চামড়ার নিচে নাল বাঁধা ঘোড়াদের
হেয়ারব, চাউ নিতে খড়িমাটি অনন্ত জিজ্ঞাসা
কবিতার জয় শুনি হাওয়ায় চোরাদের।

বড়ো দেখি কলরব উজ্জ্বলতা
উৎসব, আনন্দচিনি মায়াবী সন্ধ্যায়
ফিসফাস জোনাকীর অচেতন আলো
প্রসূতি সেজেছে যেন আজন্ম বন্ধ্যায়

পুতুলের মতো শব্দগুলি সাজে
শো কেসের জৌলুষ বাড়াতে
বেনে বউ পাখি ডাকে 'চোখ গেল' বলে
ঝুঁকে আছে যেন তার বেদনা সারাতে।

কেঁপে উঠি শীত ঘুমে কবিতা আসে না
রত্নাকর! তোমার পাপের কেউ দায়ভাগী নয়
শুকতারা ডাকে তবু জলেতে ভাসে না
উঁই পোকা ঢাকো দেহ, কবিতার জন্য চাই
অনন্ত সময়।

রাণা চট্টোপাধ্যায়

